গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.২৪-**৩৬**

তারিখ: ০৯ মাঘ ১৪৩১ / ২৩ জানুয়ারি ২০২৫

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৫.০১.২০২৪ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০১৯.২৩-২২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯.০১.২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৭.২২-৪৪ সংখ্যক স্মারকমূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটের জন্য 'জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক)' পদে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে ৪৮ (আটচল্লিশ) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে (১০ম গ্রেড) নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

**শর্তাবলী:**

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) শিক্ষানবিশ হিসেবে ০২ (দুই) বছরকাল কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (গ)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বণ্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) চাকরিতে শিফট নির্ধারণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডার ও নন-ক্যাডার ইনস্ট্রাক্টর (নন-টেক) পদে পদোন্নতির জন্য ফিডার পদের জুনিয়র ইনস্ট্রাক্টরগণের (নন-টেক) তালিকা পরবর্তিতে নির্ধারণ করা হবে। এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

(ঢ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ণ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২. অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তাঁকে **আগামী ১৪ মাঘ ১৪৩১/২৮ জানুয়ারি ২০২৫ তারিখ, সকাল ৯:০০ ঘটিকায় মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-এর নিকট উপস্থিত থেকে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল এবং** ০১ (এক) দিনের একটি ওরিয়েন্টেশন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**(ক) পদের নাম: জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক/গণিত)**

| ক্র. | রেজি: নং | নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১. | ১২০১৩৫৩৮ | মোঃ সবুজ আলী | রাজশাহী |
| ২. | ১১০৮১১৫৮ | ইহসান উদ্দীন মাহমুদ | ফেনী |
| ৩. | ১২০০২০৭৬ | আক্তার নুর জাহান লিজা | রাজশাহী |
| ৪. | ১১০২৮৬৬৫ | এ, কে, এম, জাকারিয়া হোসেন | বগুড়া |
| ৫. | ১৩০০৫১৯১ | মোঃ ইমরান হোসেন | চট্টগ্রাম |
| ৬. | ১৩০০১৪৮৫ | তৌহিদুল আরাফাত | নোয়াখালী |
| ৭. | ১১১১৪০১৪ | মিঠুন দাস | শরিয়তপুর |
| ৮. | ১১০৩৬৮৮৬ | মোহাম্মদ আবদুল কাদির | নারায়ণগঞ্জ |
| ৯. | ১২০১৪৯৭৭ | মোছাঃ ইরানী আক্তার | রাজশাহী |
| ১০. | ১১১৯৩৪৭২ | মোঃ শরিফুল ইসলাম | কুমিল্লা |
| ১১. | ১১০৬৭০৭৩ | মোঃ আরিফুল ইসলাম | ঝিনাইদহ |
| ১২. | ১১০৬৭১৮৫ | আরিফুল ইসলাম | পাবনা |
| ১৩. | ১৮০১৩১৯৭ | সুব্রত সরকার | ময়মনসিংহ |
| ১৪. | ১৩০১৫৬৪৬ | মেহেরুন নেছা | চট্টগ্রাম |
| ১৫. | ১২০০১৩০১ | মোছাঃ রাবেয়া বাসরী | বগুড়া |
| ১৬. | ১৩০৩৮৭৯১ | এইচ, এমডি, আকিব জাবেদ | চট্টগ্রাম |
| ১৭. | ১১১০৫৪৩২ | মোঃ রবিউল হাসান | বরগুনা |
| ১৮. | ১২০১৩১১০ | মোঃ ওমর ফারুক | জামালপুর |
| ১৯. | ১১১৬০৭৩০ | মোঃ রাসেল গনি | পঞ্চগড় |
| ২০. | ১৮০০৯০৮৮ | মাহমুদুর রহমান খান | ময়মনসিংহ |

**(খ) পদের নাম: জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক/পদার্থবিজ্ঞান)**

| ক্র | রেজি: নং | নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১. | ১১০৯৫১২৫ | মো: ইশরাক জাহান ভূঁইয়া গালিব | কুমিল্লা |
| ২. | ১১১৪০৬২৪ | তমাল দেবনাথ | কুমিল্লা |
| ৩. | ১১০৮০০২৪ | সৈয়দ মো: ইজাজ হাসান | চট্টগ্রাম |
| ৪. | ১১০৬৫৬৮৯ | মো: আব্দুল্লাহ আল মামুন | সাতক্ষীরা |
| ৫. | ১২০২৪৩৫১ | মো: রাসেল আহমেদ | কিশোরগঞ্জ |
| ৬. | ১১০৩৯২৭২ | নাহিদ সালেহীন | জামালপুর |
| ৭. | ১১১১৭৭১৪ | মো: কামরুল হাসান রাজীব | বগুড়া |
| ৮. | ১১১১৫০৬৪ | রোজিনা ইসলাম | চুয়াডাঙ্গা |
| ৯. | ১১১৮৯১৩৪ | মো: ঈশতিয়াক খাঁন | কিশোরগঞ্জ |
| ১০. | ১৭০০০২২০ | মো: মহিউদ্দিন | রংপুর |
| ১১. | ১১১২৫০৭৪ | শেখ ছহিহুল মোহাম্মদ লেছান | ঢাকা |
| ১২. | ১১০৪২২৮৫ | সাদিয়া রৌশন | গাজীপুর |
| ১৩. | ১১০৮৩১৬৪ | আব্দুল্লাহ আল মাহমুদ | রাজশাহী |
| ১৪. | ১১০৭০০৬৯ | সাথী আক্তার | টাঙ্গাইল |
| ১৫. | ১১০৭৬৪৯৮ | মো: আতিকুর রহমান | কুড়িগ্রাম |
| ১৬. | ১২০১৬৮০৯ | মো: রাসেদ পারভেজ | নওগাঁ |
| ১৭. | ১১১০১৬৩৪ | খায়রুল ইসলাম | কুমিল্লা |
| ১৮. | ১১০৬৭৭৩৮ | মো: দিলোয়ার হোসেন | কিশোরগঞ্জ |
| ১৯. | ১১০৭৯৩১৭ | মোহাম্মদ নাকিব | ঢাকা |
| ২০. | ১১০৩৯২৮৭ | মো: ফয়সাল আহমেদ | যশোর |
| ২১. | ১৭০০৩৯৪৮ | তাহেরুল ইসলাম | নীলফামারী |

**(গ) পদের নাম: জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক/বাংলা)**

| ক্র. | রেজি: নং | নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১. | ১১০৬৯৮৮৫ | নূরতাজ | নওগাঁ |
| ২. | ১৬০০১১৩৬ | সুলতানা পারভীন | মৌলভীবাজার |
| ৩. | ১৫০০২০৬৮ | মোঃ মাজেদ হোসেন | ভোলা |
| ৪. | ১১০৩১১৮৩ | মোঃ শাকিল | ভোলা |
| ৫. | ১৬০০১৮১২ | মোঃ জিল্লুর রহমান | সুনামগঞ্জ |
| ৬. | ১৩০১০৫৬৪ | সঞ্জীব ধর | চট্টগ্রাম |
| ৭. | ১১০৭১৯৮৬ | মাহফুজা আক্তার | কিশোরগঞ্জ |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

Rahman ২৩-০১-২০২৫

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব
ফোন: ০২-৫৫১০১০৮৯
ই-মেইল: sastec1@tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.২৪-**৩৬**

তারিখ: ০৯ মাঘ ১৪৩১ / ২৩ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা **[প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তানুযায়ী শিক্ষকগণের যোগদানের সময় প্রয়োজনীয় কাগজপত্রাদি (অঙ্গীকারনামা, সম্পত্তির ঘোষণাপত্র ইত্যাদি) জমাদানের বিষয়টি নিশ্চিতকরণ এবং যোগদানকৃত শিক্ষকগণের উদ্দেশ্যে ০১(এক) দিনের একটি ওরিয়েন্টেশন কর্মসূচি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]**
০৬. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৭. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৮. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ৩০(ত্রিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৯. উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]
১০. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. জনাব.............................................................................................................
১৪. অফিস নথি।

Rahman ২৩-০১-২০২৫

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব